দৈনিক ইত্তেফাক

তথ্য ও পরিসংখ্যান
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 07 JUL 1999
পৃষ্ঠা 2 কলাম 3

৬।

## মাদ্রাসা শিক্ষক প্রসঙ্গে

মাধ্যমিক স্কুলে ট্রেনিংপ্রাপ্ত শিক্ষক নিয়োগ বাধ্যতামূলক। কিন্তু মাদ্রাসার বেলায় এই প্রথা চালু নাই। মাদ্রাসায় শুধু স্নাতক ডিগ্রীধারী শিক্ষক দেখান হইলেই চলে। আবার অনেক মাদ্রাসায় ডিগ্রীধারী শিক্ষক শুধু কাগজ-পত্রেই থাকেন। অবশ্য তাঁদের নামে সরকারী ভাতা আসে। অনেকেই আছেন সাধারণভাবে বি, এ, পাস করিয়া কোন ব্যবসা প্রতিষ্ঠানে বা বেসরকারী সংস্থায় চাকুরী করেন। তাঁহাদের সার্টিফিকেট সরকারের নিকট দাখিল করা হয়। পক্ষান্তরে ক্লাস নেয় কোন আই, এ বা বি, এ ফেল শিক্ষক। সরকার যদি ট্রেনিং-প্রাপ্ত শিক্ষক নিয়োগ বাধ্যতামূলক করিত, তবে এই ফাঁকি দেওয়া মোটেই সম্ভব হইত না। কারণ যাঁরা শিক্ষকতার কাজে নিয়োজিত তাঁরাই ট্রেনিং গ্রহণ করিয়া থাকেন। সুতরাং শিক্ষা কর্মকর্তাদের নিকট আমাদের আবেদন, মাদ্রাসায় ট্রেনিং প্রাপ্ত শিক্ষক নিয়োগ বাধ্যতামূলক করা হউক।

—আবু জাফর মাহমুদ, জাঙ্গালিয়া, রামগতি।